

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

০৫ চৈত্র, ১৪২৩

তারিখ :-----
০৭ মার্চ, ২০১৭

স্মারকনং-৩৪.০১.০০০০.০২৬.৩৩.০৩৮.১৫- ৯২৩

বিষয়ঃ যুবকল্যাণ তহবিল থেকে ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থবছরে অনুদানপ্রাপ্ত যুব সংগঠনের কার্যক্রম সরেজমিন পরিদর্শন প্রতিবেদন নির্ধারিত ছক মোতাবেক প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : স্মারকনং-৩৪.০১.০০০০.০২৬.৩৩.০৩৮.১৫-৮১৮, তারিখ : ১০/১১/২০১৬ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব কল্যাণ তহবিল থেকে ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থবছরে অনুদানপ্রাপ্ত যুবসংগঠনের কার্যক্রম সরেজমিন পরিদর্শনপূর্বক ৩০ নভেম্বর, ২০১৬ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের বাস্তবায়ন, মনিটরিং ও যুবসংগঠন শাখায় প্রতিবেদন প্রেরণের নির্দেশনা দেয়া হয়। সেপ্রেক্ষিতে ৪২টি জেলা হতে প্রতিবেদন পাওয়া যায়। তন্মধ্যে ১৬টি জেলা কার্যালয় হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, সংশ্লিষ্ট উপ-পরিচালকগণ অনুদানপ্রাপ্ত সংগঠনের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন না করেই উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের প্রতিবেদন অগ্রায়ন করেন, যা কাম্য নয়। জেলাগুলো হলো : নরসিংদী, নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ, ফরিদপুর, জামালপুর, নোয়াখালী, লক্ষীপুর, কুমিল্লা, চাঁদপুর, ঠাকুরগাঁও, মাগুরা, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, সিলেট, হবিগঞ্জ ও খাগড়াছড়ি।

০২। এতদ্ব্যতীত, নিম্নোক্ত ০৪টি জেলা কার্যালয়ের প্রতিবেদনে ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থবছরে অনুদানপ্রাপ্ত সংগঠনের তথ্য বছরভিত্তিক পৃথকভাবে উল্লেখ করা হয়নি :

সিলেট, হবিগঞ্জ, ফরিদপুর ও খাগড়াছড়ি।

০৩। এমতাবস্থায়, আগামী ২৭ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে নির্ধারিত ছকে (উপ-পরিচালকের সীল স্বাক্ষরসহ) প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

বিষয়টি জরুরী।


(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ০২-৯৫৫৯৩৮৯

E-mail:dg@dyd.gov.bd

প্রাপক :

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, নরসিংদী/ নারায়ণগঞ্জ/ গোপালগঞ্জ/ ফরিদপুর/ জামালপুর/ নোয়াখালী/ লক্ষীপুর/ কুমিল্লা/ চাঁদপুর/ ঠাকুরগাঁও/ মাগুরা/ ঝিনাইদহ/ চুয়াডাঙ্গা/ সিলেট/ হবিগঞ্জ/ খাগড়াছড়ি।

অনুলিপি :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

Leter-15(H)-50